



মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২।

নিয়োগ বিজ্ঞপ্তি/পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্র : মাভাবিপ্রবি/রেজি./সংস্থাপন শাখা-০১/এ-১২(পার্ট)/২০২৬/১৫০০ তারিখ : ০৩ ফাল্গুন ১৪৩২
১৬ ফেব্রুয়ারি ২০২৬

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত পদগুলি পূরণের জন্য যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রম নং	পদের নাম, বেতনক্ষেত্র (জা.বে.ক্ষেত্র-২০১৫), গ্রেড ও বয়স	অনুষদ/হল	নিয়োগের ক্ষেত্রে প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা	পদ সংখ্যা
০১	প্রাচার (পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি) ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) বয়স : সর্বোচ্চ ৩২ বছর	ভেটেরিনারি মেডিসিন এন্ড এনিমেল সায়েন্স অনুষদ (সিরাজগঞ্জ ক্যাম্পাস)	ন্যূনতম অষ্টম শ্রেণী পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে কমপক্ষে ০৬(ছয়) মাসের ট্রেড/সমমানের সার্টিফিকেট কোর্স সম্পন্ন হতে হবে। সংশ্লিষ্ট কাজে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	০১টি
০২	খাদেম (পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি) ৮৮০০-২১৩১০/- (গ্রেড-১৮) বয়স : সর্বোচ্চ ৩২ বছর		দাখিল/ক্বারী পাশ হতে হবে। ইসলামিক ফাউন্ডেশন হতে প্রশিক্ষণ প্রাপ্ত। সংশ্লিষ্ট বিষয়ে ০২ (দুই) বছরের দক্ষতা থাকতে হবে।	০১টি
০৩	বাবুটী (মহিলা অগ্রাধিকার) ৮৮০০-২১৩১০/- (গ্রেড-১৮) বয়স : সর্বোচ্চ ৩২ বছর	বেগম ফজিলতুন্নেছা জোহা হল	ন্যূনতম অষ্টম শ্রেণী পাশসহ দেশী/বিদেশী রান্নার কাজে পারদর্শীতাসহ ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা।	০১টি
মোট				০৩টি

- উপরোক্ত পদসমূহের আবেদনপত্রের নির্ধারিত ফরম ব্যক্তিগতভাবে অথবা www.mbstu.ac.bd ওয়েবসাইট থেকে অথবা ১০/- (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকিটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম পাঠিয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস হতে (অফিস চলাকালীন সময়) আগামী ১১/০৩/২০২৬ তারিখের মধ্যে সংগ্রহ করা যাবে।
- "ভাইস-চ্যান্সেলর, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২"-এর অনুকূলে সোনালী ব্যাংক পিএলসি, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখার উপর আবেদনপত্রের ফি বাবদ সোনালী ব্যাংক পিএলসি এর যে কোনো শাখা থেকে উল্লেখিত প্রত্যেক পদের এবং অনুষদ/হলের জন্য আলাদাভাবে ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ (অফেরতযোগ্য) প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০৩(তিন) কপি ছবি, সার্টিফিকেট/ট্রান্সক্রিপ্ট, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি, চারিত্রিক সনদ এবং অভিজ্ঞতার সনদ সংযুক্তপূর্বক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- আগামী ১১/০৩/২০২৬ তারিখ (অফিস চলাকালীন সময়) পর্যন্ত প্রত্যেক পদের জন্য খামের উপর পদের নাম উল্লেখপূর্বক ০৮(আট) সেট দরখাস্ত রেজিস্ট্রার, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২ বরাবর পৌঁছাতে হবে।
- যে কোনো দরখাস্ত গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। সরকারি/আধা-সরকারি/পাবলিক বিশ্ববিদ্যালয়/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে এবং এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ক্রমিক নং ০১ এবং ০২-এ উল্লেখিত প্রাচার এবং খাদেম পদে ইতিপূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।
- এ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে একটি শর্ত শিথিলযোগ্য।
- অভ্যন্তরীণ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
- আবেদনপত্রের সংশ্লিষ্ট কলামে টেলিফোন নম্বর/মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।

(অধ্যাপক ড. সাজ্জাদ ওয়াহিদ)

রেজিস্ট্রার (দায়িত্বপ্রাপ্ত)

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২।